

নিজন দে চৌধুরী

কেন যে তবে

নদীর ঘাটে যখন দেখি, তখন তুমি হাসো,
পথের বাঁকে যখন দেখি, তখনো তুমি হাসো,
দুয়ার-পাশে যখন দেখি তখনো তুমি হাসো
কেন যে তবে আমাকে তুমি বলো না, ভালবাসো?

একলা দূর প্রবাসে যাই, তখন তুমি কাঁদো।
নিজেকে নিয়ে আড়ালে থাকি, তখনো তুমি কাঁদো,
দুয়ার জুড়ে এসে দাঁড়াই, তখনো তুমি কাঁদো,
কেন যে তবে আমাকে তুমি এমন করে বাঁধো?